সংবাদ।

তারিখ ২২।১২।৮১

পৃষ্ঠা৷ ৫

C17

## হামুদুর রহমানের ইনতেকাল

নয়াদিল্লী, ২১শে ডিসেম্বর (ইউ এন আই)।---পাকিস্তানের সাবেক প্রধান বিচারপতি হামুদুর রহমান (৭১) গতকাল লাহোরে মারা গেছেন। রেডিও পাকিস্তান এ খবর দিয়েছে।

১৯৭১ সনে বাংলাদেশের সাথে যুদ্ধে পাকিস্তানী বাহিনীর পরাজিত হওয়ার কারণ নির্ধারণের জন্য সাবেক প্রধানমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো তাকে নিয়োগ করেছিলেন। তিনি সাত বছর পাকিস্তানের প্রধান বিচারপতি ছিলেন। তিনি ১৯৭৫ সনে অবসর গ্রহণ করেন।